# বসন্ত ২০২০ থেকে ইংল্যান্ডে অঙ্গ দান কারার আইন পরিবর্তন হচ্ছে।

## এই লিফলেট আপনার পছন্দ ব্যাখ্যা করবে

### অঙ্গ এবং টিস্যু কি?

অঙ্গ (অর্গান) এবং টিস্যু দান হল আপনার মৃত্যুর পর অন্যদের রক্ষা বা তাদের জীবন উন্নত করতে সহায়তা করার জন্য আপনার অঙ্গ এবং/ অথবা টিস্যু দান করা।

এক অঙ্গ দাতা (অর্গান ডোনার) নয় জন পর্যন্ত ব্যক্তির জীবন বাঁচাতে বা রূপান্তর করতে পারেন। এছাড়াও টিস্যু প্রতিস্থাপন উল্লেখযোগ্যভাবে একজন ব্যক্তির জীবনের মান উন্নত করতে পারে। এটি কাউকে আবার দেখাতে সাহায্য করার জন্য কর্নিয়া হতে পারে, হার্টের ভাল্ভ প্রতিস্থাপন করে একটি হার্টের খুঁত চিকিৎসা বা গুরুতর ভাবে পুড়ে যাওয়া মানুষের চামড়ার চিকিৎসাও হতে পারে।

### অঙ্গ দান (অর্গান ডনেশন) ঘিরে থাকা আইনটি কেন বদলাচ্ছে?

UK জুড়ে প্রতিদিন প্রায় তিন জন মানুষ মারা যান যাদের অঙ্গের দরকার ছিল, কারণ প্রতিস্থাপনের জন্য পর্যাপ্ত অঙ্গ (অর্গান) পাওয়া যায় না। মাত্র 1% মানুষ এমন পরিস্থিতিতে মারা যান যাদের অঙ্গ দান করা সম্ভব।

অধিকাংশ মানুষই নৈতিকভাবে অঙ্গ দানে সমর্থন করেন এবং তাদের মৃত্যুর পর তাদের অঙ্গ দান করতে ইচ্ছুক থাকেন। তবে, অনেকেই এই সিদ্ধান্তটি এনএইচএস অর্গান ডোনার রেজিস্টারে সাইন করেন না বা তাদের পরিবারকে জানান না। আইন পরিবর্তনের মাধ্যমে বেশিরভাগ মানুষ কী চান সেটা প্রতিফলিত হবে এবং আরও মানুষের জীবন বাঁচাতে এবং উন্নত করতে সহায়তা করবে।

### কি পরিবর্তন হচ্ছে?

2020 সালের বসন্ত থেকে, ইংল্যান্ডের সকল প্রাপ্তবয়স্করা একজন অঙ্গ ও টিস্যু দাতা (ডোনার) হিসাবে নির্বাচিত হতে একমত হয়েছেন বলে বিবেচিত হবেন যদি না তারা দান না করার সিদ্ধান্ত নিয়েছেন বলে রেকর্ড করান। বা বাদ দেওয়া গ্রুপের মধ্যে একটিতে পড়েন (দেখুন ‘এই পরিবর্তনটি কাকে প্রভাবিত করবে?’)। এটি সাধারণত একটি ‘অপ্ট আউট’ (অনির্বাচন) সিস্টেম হিসাবে পরিচিত।

এর অর্থ হল আপনি একজন অঙ্গ দাতা (অর্গান ডোনার) হতে চান কিনা সেটা যদি নিশ্চিত না করেন, এনএইচএস অর্গান ডোনার রেজিস্টারে বা আপনার বন্ধুদের বা পরিবারের সাথে কথা বলে সিদ্ধান্ত না জানান - এটি মনে করা হবে যে মৃত্যুর পর আপনি আপনার অঙ্গ দান (অর্গান ডনেশন) করার জন্য রাজি আছেন।

অঙ্গ দান করা কে মহান উদারতার একটি কাজ বলে গণ্য করা হয়। এখনও আপনি একজন অঙ্গ দাতা হবেন কিনা সেটা বাছাই করার অধিকার থাকবে। মৃত্যুর পরে আপনার অঙ্গ দান করার সম্পর্কে আপনার পরিবারের সাথে কথা বলা হবে।

## অঙ্গ দান কে ঘিরে থাকা আইনটি কখন বদলাচ্ছে?

2020 সালের বসন্ত থেকে ইংল্যান্ডে 'অপ্ট আউট' (অনির্বাচন) পদ্ধতি কার্যকর হবে।

তখন পর্যন্ত, যদি আপনি দান যোগ্য অবস্থায় মারা যান তবে বিশেষজ্ঞ চিকিৎসা কর্মীরা আপনি একজন ডোনার (দাতা) হওয়ার সিদ্ধান্ত রেকর্ড করেছেন কিনা সেটা জানার জন্য এনএইচএস অর্গান ডোনার রেজিস্টার টি চেক করে দেখবেন। আপনি যদি করে থাকেন, তাহলে আপনার পরিবারকে এটি সম্মান করার জন্য বলা হবে। আপনি যদি ডোনার (দাতা) হিসাবে রেজিস্টার না থাকেন তবে আপনার পরিবারকে আপনার পক্ষে সিদ্ধান্ত নেওয়ার জন্য বলা হবে।

আইনটি পরিবর্তিত হওয়ার পর আপনি রাজি আছেন বলে ধরে নেওয়া হবে যদি আপনি 18 বছরের বেশি বয়সী হন এবং:

- বা আপনি 'অপ্ট আউট' (বাইরে থাকার সিদ্ধান্ত) নেন নাই, বা
- আপনি একটি বাদ দেওয়া গ্রুপের মধ্যে নেই

আপনার পরিবার তখনও জড়িত থাকবেন।

### এই পরিবর্তন কাকে প্রভাবিত করবে?

নতুন আইন ইংল্যান্ডের প্রাপ্তবয়স্কদের জন্য প্রযোজ্য হবে, যাদের ইংল্যান্ডে মৃত্যু হয়েছে।

এটা প্রযোজ্য হবে না:

- 18 বছরের কম বয়সী মানুষের উপর
- যারা নতুন ব্যবস্থা বুঝতে মানসিক ক্ষমতা রাখেন না এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সক্ষম নন
- যারা মৃত্যুর আগে 12 মাসের চেয়েও কম সময় ইংল্যান্ডে বসবাস করেছেন
- এখানে যারা স্বেচ্ছায় বসবাস করছেন না

## আমাকে কি করতে হবে?

2020 সাল থেকে ইংল্যান্ডে অঙ্গ দান সম্পর্কে আইন যেহেতু পরিবর্তন করা হচ্ছে, তাই আমরা চাই প্রত্যেকে অঙ্গ দাতা হতে চান কিনা সে ব্যাপারে সিদ্ধান্ত নেন এবং তাদের পরিবারের সাথে তাদের সিদ্ধান্ত শেয়ার করেন।

আপনি যদি একজন অঙ্গ দাতা হতে চান তবে আপনি **এনএইচএস অর্গান ডোনার রেজিস্টারে** একজন ডোনার (দাতা) হওয়ার জন্য রেজিস্টার (নিবন্ধন) করতে পারেন।

আপনি যদি একজন অঙ্গ দাতা হতে চান না, আপনি **এনএইচএস অর্গান ডোনার রেজিস্টারে** 'দান করতে অনিচ্ছুক' জানিয়ে 'অপ্ট আউট' (অনির্বাচন) করতে পারেন।

যদি আপনি ইতিমধ্যে এনএইচএস অর্গান ডোনার রেজিস্টারে আপনার সিদ্ধান্ত রেজিস্টার করে থাকেন এবং আপনার সিদ্ধান্ত একই রকম থাকে তবে আপনি যে এটি চান **সেটা আপনার পরিবারকে** জানান।

আপনি যদি ইতিমধ্যে রেজিস্টার করে থাকেন, কিন্তু আপনার রেকর্ডকৃত সিদ্ধান্তটি পরিবর্তন করতে চান তবে **আপনি 'এমেন্ড ইয়র ডিটেলস' (আপনার তথ্য সংশোধন করুন) ফর্মটি** অনলাইনে পূরণ করে যে কোনও সময়ে সহজেই এটি করতে পারেন।

## এনএইচএস অর্গান ডোনার রেজিস্টার কি?

এনএইচএস অর্গান ডোনার রেজিস্টার হল একটি নিরাপদ ডাটাবেস যা অঙ্গ দান সম্পর্কে সিদ্ধান্ত জানিয়েছেন এমন সকল ব্যক্তির বিস্তারিত তথ্য ধারন করে। এটি কেউ একজন অঙ্গ বা টিস্যু দাতা হতে চান কিনা তা রেকর্ড করে রাখে। যারা অঙ্গ দান করতে চান তাদের জন্য, তারা কোন অঙ্গ এবং টিস্যু দান করতে চান তা রেকর্ড করে রাখে। রেজিস্টারটিতে শুধুমাত্র বিশেষজ্ঞ এনএচএস কর্মীদের দ্বারা অ্যাক্সেস করা যেতে পারে।

আপনার সিদ্ধান্ত এনএইচএস অর্গান ডোনার রেজিস্টার এ রেকর্ড করা এবং আপনি যে এটি চান সেটা আপনার পরিবারকে জানিয়ে রাখা হল আপনার সিদ্ধান্তটির প্রতি সম্মান প্রদর্শন নিশ্চিত করতে সাহায্য করার সেরা উপায়।

**মনে রাখবেন, যদি আপনি 18 বছর বয়সের বেশি বয়সী হন, কোনও বাইরে রাখা গ্রুপের মধ্যে না পড়েন এবং 'অপ্ট আউট' (অনির্বাচন) করেন নাই, তবে আপনি যখন মারা যাবেন তখন এটি মনে করা হবে যে আপনি অঙ্গ এবং টিস্যু ডোনার (দাতা) হতে রাজি আছেন।**

**আপনি যাই সিদ্ধান্ত নেন না কেন, আপনার পরিবারকে জানানোটা গুরুত্বপূর্ণ যাতে তারা আপনার সিদ্ধান্তকে সমর্থন করতে পারে। যদি আপনি ভবিষ্যতে আপনার সিদ্ধান্ত পরিবর্তন করেন তবে সেটাও তাদেরকে আপনার জানানো উচিত।**

**আপনার সিদ্ধান্ত রেজিস্টার করতে যান organdonation.nhs.uk**

## 2020 সালের বসন্তের পরও কি আমার পরিবারকে আমার অঙ্গ দান সম্পর্কে জিজ্ঞাসা করা হবে?

হ্যাঁ, একজন সম্ভাব্য ডোনারের (দাতার) পরিবারের সঙ্গে অঙ্গ এবং টিস্যু দানের অপশন (উপায়) নিয়ে আলোচনা করার জন্য সবসময় যোগাযোগ করা হবে। এটি এনএইচএস অর্গান ডোনার রেজিস্টারে যে সিদ্ধান্ত রেকর্ড আছে সেটি আপনার সর্বশেষ সিদ্ধান্ত বলে নিশ্চিত করতে সহায়তা করে। এই সিদ্ধান্ত যাতে সমর্থন করা হয় সেটা নিশ্চিত করতে একজন বিশেষজ্ঞ নার্স পরিবারের সাথে কাজ করবেন।

আপনার পরিবার আপনার ধর্ম বা বিশ্বাসের সাথে সঙ্গতিপূর্ণভাবে অঙ্গ দানে এগিয়ে যাওয়া নিশ্চিত করতে কোন বিশেষ অনুরোধ বা প্রয়োজনীয়তা সম্পর্কে আমাদের জানাতে পারেন।

আপনার পরিবার আপনার চিকিৎসা, ভ্রমণ এবং সামাজিক ইতিহাস সম্পর্কেও গুরুত্বপূর্ণ তথ্য সরবরাহ করবেন। এই তথ্য আপনার অঙ্গ (অর্গান) নিরাপদে অন্য কাউকে দেওয়া যাবে কিনা সেটা চেক করতে সাহায্য করবে।

## আপনার পছন্দগুলি সম্পর্কে আরও জানুন

আমাদের ওয়েবসাইটে অঙ্গ ও টিস্যু দান সম্বন্ধে আরও অনেক সহায়ক তথ্য রয়েছে:

**organdonation.nhs.uk** এবং সোশ্যাল মিডিয়ায় **@NHSOrganDonor**

আপনি যখন আপনার সিদ্ধান্ত গ্রহণ করেন, তখন এটি এনএইচএস অর্গান ডোনার রেজিস্টারে রেকর্ড করা এবং আপনার পছন্দ সম্পর্কে আপনার পরিবারকে জানানো গুরুত্বপূর্ণ।

আপনি যদি ওয়েবসাইটটিতে যা চান তা খুঁজে না পান বা এখনও নিশ্চিত না থাকেন তবে আপনি আমাদের ডেডিকেটেড হেল্পলাইনে কল করতে পারেন:

**0300 303 2094**

আপনার যদি শ্রবণে সমস্যা থাকে তবে আমাদের টেক্সট রিলে সার্ভিসটি ব্যবহার করুন:

**18001 0845 730 0106**

টেক্সট চ্যাট ব্যবহার করার জন্য এসএমএস করুন:

**07860 034 343**

1 মে 2019 থেকে, এনএইচএস অ্যাপে অ্যাক্সেস থাকা যে কেউ এনএইচএস অর্গান ডোনার রেজিস্টারে সিদ্ধান্ত রেজিস্টার (নিবন্ধন) করার জন্য এটি ব্যবহার করতে পারবেন।

আপনি এনএইচএস এপ স্টোর থেকে এপ খুলে অথবা গুগল প্লে থেকে ডাউনলোড করতে পারেন।



৫৫ বছর বয়সে রোহিত হার্ট অ্যাটাকে মারা গেলেন। তাঁর কিডনী, হার্টের ভাল্ভ এবং কর্নীয়া দান করে অন্যদের সাহায্য করছে।